

স্বাধীনতা

10:71 JAN 2015

সরকারি অফিসের একজন পিয়নের চেয়েও কম।
উচ্চশিক্ষিত নন-বিএড একজন শিক্ষকের বেতন
স্কেল মাত্র ৬,৪০০ টাকা। আর বিএড প্রশিক্ষণপ্রাপ্ত
এমপিওভুক্ত শিক্ষকের বেতন স্কেল ৮,০০০ টাকা।
সঙ্গে বাড়িভাড়া ৫০০ টাকা, যা দিয়ে বাড়িভাড়া পাওয়া
তো দূরে থাকে বাড়ির একটি বারান্দাও ভাড়া পাওয়া
যায় না। চিকিৎসাব্যয় হয় মাত্র ৩০০ টাকা অথচ
ডাক্তারের ফি ৪০০ টাকা। এর সঙ্গে আছে বিভিন্ন
ধরনের চেস্টা-এক ওষুধপত্র। উৎসবভাতা কর্মচারীরা
পান বেসিকের ৫০ ভাগ আর শিক্ষকরা পান মাত্র
২৫ ভাগ। একই দেশে দুই ধরনের নিয়ম। সেক্ষেত্রে
নন-বিএড একজন শিক্ষক পান ১,৬০০ টাকা আর
বিএড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ২,০০০ টাকা। এ সামান্য
উৎসবভাতা দিয়ে পরিবারের ৩-৪ জন সদস্যের জন্য
কী কেনা যায়? সুতরাং শিক্ষকদের জন্য আলাদা বেতন
স্কেলের ব্যবস্থা করাসহ বেতন-ভাতা প্রতি মাসের ৩
তারিখের মধ্যে পরিশোধ করার জন্য সরকারের কাছে
রিনীত আবেদন জানাচ্ছি।

সহকারী শিক্ষক, ডি/৩৯৩ সোনার তরী
হাউজিং এস্টেট, কুষ্টিয়া

বেসরকারি শিক্ষকরা আর কত
অবহেলিত থাকবে?

আমাদের দেশে বেসরকারি শিক্ষকদের বেতন-ভাতা

মো. মোশতাক মেহেদী